

# সূত্র

প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:২৪ এএম

শিক্ষাঙ্গন

## ‘পর্দা’ নিয়ে ছাত্রদল নেতার কটুক্তির প্রতিবাদে জবিতে মানববন্ধন



জবি প্রতিনিধি

প্রকাশ: ১০ আগস্ট ২০২৫, ০৮:৫৯ পিএম



ইসলামের ফরজ বিধান ‘পর্দা’ ও নারীদের নিয়ে কটুভিত্তির প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) নারী শিক্ষার্থীরা।

রোববার বিকালে বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের সামনে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এ কর্মসূচি পালন করেন তারা।

মানববন্ধনে শিক্ষার্থীরা জানান, জবি ছাত্রদলের সদস্য সচিব শামসুল আরেফিন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্যের সঙ্গে ইসলামী ছাত্রী সংস্থার ঢাবি শাখার সদস্যদের সাক্ষাতের ছবি শেয়ার করে ব্যঙ্গার্থক পোস্ট দেন।

মানববন্ধনে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা দুই দফা দাবি উত্থাপন করেন-জবি ছাত্রদলের সদস্য সচিব শামসুল আরেফিনের প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা করতে হবে, পর্দা করে চলা নারীদের বিরুদ্ধে কটুভিত্তি রোধে প্রশাসনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।